৩০৭

দৈনিক ইত্তেফাক

NOV. 07 1999

তারিখ ... NOV 08 1999 ..
পৃষ্ঠা 6 কলাম 9

## শিক্ষক সমিতির ৫ দফা মানিয়া নেওয়ার দাবী

চট্টগ্রাম অফিস ॥ গত ৩০শে অক্টোবর ইউএসটিসি শিক্ষক সমিতির এক সভায় ৫ দফা মানিয়া নেওয়ার জন্য কর্তৃপক্ষের প্রতি পুনরায় দাবী জানানো হয়। বক্তরা বলেন, ১১ জন শিক্ষকের বিরুদ্ধে মামলা করিয়া কর্তৃপক্ষ পরিস্থিতিকে জটিলতর করিয়া তুলিয়াছে। বক্তারা কর্তৃপক্ষের নিয়োগকৃত কর্মীদের দ্বারা সিনিয়র শিক্ষদের অফিস কক্ষ সিল করা, ৪ জন সিনিয়র শিক্ষককে নিরাপত্তা কর্মী দ্বারা হাসপাতালে প্রবেশে বাধাসহ বিভিন্ন প্রকার হয়রানির তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান, ডাঃ বদরুদ্দোজার সভাপতিত্বে বঙ্গবন্ধু মেমোরিয়েল হাসপাতালের রিক্রিয়েশন ক্লাবে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডাঃ মামুনুর রশিদ, ডাঃ ফারুকুর রশিদ, ডাঃ মুলকুতুব রহমান ডাঃ মোশতাক আহমেদ, ডাঃ স্বপন চৌধুরী, ডাঃ ওয়াহিদ আল মামুন ও ডাঃ ইসহাক চৌধুরী।